# বাংলাদেশ ব্যাংক
## প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ**


বিআরপিডি সার্কুলার লেটার নং-০৫

তারিখ: ১০ মার্চ ২০২৫ / ২৪ ফাল্গুন ১৪৩১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**অনাদায়ী ঋণ আদায়/সমন্বয়ে এক্সিট সংক্রান্ত নীতিমালা**

উপর্যুক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-১৩ তারিখ: ০৮ জুলাই ২০২৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত সার্কুলারে বর্ণিত নির্দেশনার পরিমার্জন, অধিকতর স্পষ্টীকরণ এবং এর যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকরণের লক্ষ্যে সার্কুলারের অনুচ্ছেদ ২(গ), ২(ঘ) ও ৩(চ) নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হলো:

‘২(গ) বিদ্যমান ঋণস্থিতির ন্যূনতম ৫% ডাউন পেমেন্ট নগদে পরিশোধপূর্বক এক্সিট সুবিধা প্রাপ্তির আবেদন করতে হবে। ঋণগ্রহীতার আবেদন প্রাপ্তির ৬০(ষাট) দিনের মধ্যে ব্যাংক কর্তৃক তা নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।’

‘২(ঘ) ব্যাংকের পরিচালনা পর্ষদ/নির্বাহী কমিটি কর্তৃক এক্সিট সুবিধা অনুমোদিত হতে হবে। তবে, মূল ঋণ অনূর্ধ্ব ২০ লক্ষ টাকা পর্যন্ত এক্সিট সুবিধা প্রদানের ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা ব্যাংকের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের উপর অর্পণ করা যাবে।’

‘৩(চ) এক্সিট সুবিধা প্রাপ্ত ঋণ হিসাব কোনো অবস্থাতেই পুনঃতফসিলিকরণ/পুনর্গঠন করা যাবে না। এ সুবিধা প্রাপ্তির পর গ্রাহক পাওনা পরিশোধে ব্যর্থ হলে ঋণ আদায়ে ব্যাংক প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করবে।’

৩। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

৪। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)
পরিচালক (বিআরপিডি)
ফোন: ৯৫৩০২৫২